

নতুন সর্কেল

পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম অফিসের বছর ভিত্তিক আ
সার্কেল অফিস

ক্র:নং	অনুচ্ছেদ নম্বর ও সাল	আপত্তির শিরোনাম, জড়িত টাকার পরিমাণ	সংশ্লিষ্ট দপ্তর	সার্কেল	আপত্তির বিবরণ
1	অনুচ্ছেদ- ২ ১৯৮৭-৮৮	নাইক্ষ্যংছড়ি ডাকঘর ও ডাক বাবুর বাসা নির্মাণ কাজে টাকা অপচয়। ৩,২৫,০০০/- টাকা।	পিএমজি অফিস	পূর্বাঞ্চল	নিরীক্ষাধীন অফিসের ১৯৮৭-৮৮ সনের প্রাক্কলন রেজিস্টার, ওয়াক রেজিস্টার টেন্ডার নথি, কাজের অগ্রগতি রিপোর্ট ও প্রাক্কলন নং বিজেড-৩৫/নাইক্ষ্যংছড়ি নিরীক্ষাকালে দেখা যায় নাইক্ষ্যংছড়ি ডাকঘরের নিজস্ব বাসভবন ও ডাক বাবুর বাসা নির্মাণ কাজ সম্পাদনের নিমিত্তে দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের জন্য ২৭/১১/১৯৮৬খ্রি. তারিখে পত্র নং বিজেড/মিস/ এডিপি/টেন্ডার-৩/৮৬-৮৭ এর মাধ্যমে অফিসার (বিজ্ঞাপন সেল) তথ্য ও বেতার মন্ত্রণালয়ের টাকার সমীপে প্রেরণ করা হয়। কিন্তু সে বিজ্ঞাপন কবে কোন পত্রিকায় প্রকাশ করা হয়েছিল তার কোন প্রমাণ পাওয়া যায়নি। ঠিকাদারকে চলতি বিল বাবদ ০৭/১০/৮৭খ্রি. তারিখে ৭০০০০/- পরিশোধ দেখানো হয়েছে। ২৪/১০/১৯৮৭ক্রি. তারিখে ঠিকাদারকে ১,২৫,০০০/- টাকা পরিশোধ করা হয়। ঠিকাদারের বিল ফরম ব্যতীত ঠিকাদারের প্যাডে বিল তৈরী করিয়া ঠিকাদারের সাইন বিহীন একখান চলতি বিল দাখিল করলে কাগজিক বিলের মাধ্যমে ঠিকাদারকে ২/১২/৮৭ ইং তারিখে মঞ্জুরী পত্রের মাধ্যমে ৬০,০০০/- পরিশোধ দেখান। একই ভাবে ঠিকাদারকে ৩১/১২/১৯৮৭খ্রি. তারিখ ৫০,০০০/- টাকা এবং ১১/০৪/৮৮ খ্রি. তারিখে পরিশোধ দেখাইয়া অপচয় করা হয়েছে। ঠিকাদারে প্যাডে সাদা কাগজে, টেন্ডার ফরমে এবং ফটোকপিতে সহি ছাড়া বিল দাখিল ও পরিশোধের নামে =৩,২৫,০০০/- ব্যয়কে অযৌক্তিক ব্যয় বলে গণ্য করা হবে না তা অডিটকে অবহিত করতে অনুরোধ করা হল।

গ্রাম আপত্তির নিম্নে ছক মোতাবেক বিবরণ:

আপত্তির সর্বশেষ জবাব	যে কর্মকর্তা/কর্মচারীর অনিয়মের কারণে আপত্তি উত্থাপিত হয়েছে তার নাম ও পদবী	মন্তব্য
<p>১) নির্মাণ কাজটি যথাযথভাবে সম্পাদনের পর ডিপিএমজি বান্দরবান বিভাগের প্রত্যয়ন পত্র পাওয়া যায়।</p> <p>২) নির্মাণ কাজটি সম্পাদনের জন্য ঠিকাদারকে=৮, ৭৯,৭৪৬/- টাকার প্রাক্কলন ব্যয় মঞ্জুরীর উপর ৯.৪৪% উর্দ্ধহারে =৯,৬২,৭৯৪/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। বাস্তব অবস্থায় স্থানীয়ভাবে কাজটি সম্পাদন শেষে ঠিকাদারকে পরিশোধ করতে হয় =৯,৬৭,০০০/- টাকা। যা উক্ত কাজের মোট মঞ্জুরীকৃত প্রাক্কলনের উপর ১০% এর আওতায় পিএমজি মহোদয়ের ক্ষমতার সীমাবদ্ধ থেকে ব্যয় করা হয়। অনিয়মিতভাবে ব্যয় করা হয়নি।</p> <p>৩) বিল পরিশোধের স্বপক্ষে প্রশাসনিক অনুমোদন নেয়া হয়।</p> <p>৪) নাইক্ষ্যংছড়ি উপজেলা পোস্টঅফিসটি বান্দরবানের গভীর অরণ্যে অবস্থিত হওয়ায় আজ থেকে প্রায় ৩১ বৎসর পূর্বে তথায় যাতায়াত ব্যবস্থা ছিল খুবই বুকিপূর্ণ ছিল। জীবনের নিরাপত্তাহীনতায় তথায় লোকজন সবসময় আতংকের মধ্যে বসবাসরত ছিল। এলাকায় নির্মাণ সাইট হতে শাস্তি বাহিনী কর্তৃক শ্রমিকের ধরে নিয়ে যাওয়ার বহু ঘটনাই তৎসময়ে ঘটেছে। বর্ণিত প্রতিকূল অবস্থায় কাজ সমাপ্তিতে ঠিকাদারের কিছুটা বিলম্বতার বিষয়টিকে প্রশাসন কর্তৃক সে ভাবে মূল্যায়ন করা হয়েছে। দীর্ঘদিন পূর্বে ভবনটি নির্মাণ হলেও বর্তমানে ভবনটি এখনও ভাল অবস্থায় রয়েছে। নির্মিতব্য ভবনে নিয়মিত অফিস কার্যক্রমও চালু আছে।</p>		